



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।



১৮ আগস্ট ২০২১

তারিখঃ -----

০৩ ভাদ্র ১৪২৮

বিআরপিডি সার্কুলার নং- ১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

### **Implementation of Basel III in Bangladesh প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৮ তারিখ: ২১/১২/২০১৪ এর মাধ্যমে জারিকৃত Guidelines on Risk Based Capital Adequacy (Revised Regulatory Capital Framework for banks in line with Basel III) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত গাইডলাইনের ৪ নং অনুচ্ছেদের মাধ্যমে দেশের আর্থিক খাতের স্থিতিশীলতা রক্ষার্থে এবং ব্যাংকের মূলধন ও দায়ের মধ্যে যথাযথ ভারসাম্য রক্ষার্থে ব্যাসেল-৩ কাঠামোর আলোকে ঝুঁকি-ভিত্তিক মূলধন পর্যাণ্ডতার পাশাপাশি তফসিলি ব্যাংকসমূহকে ২০১৫ সাল হতে ন্যূনতম শতকরা ৩ শতাংশ লিভারেজ অনুপাত সংরক্ষণ করার নির্দেশনা প্রদান করা হয়। উক্ত গাইডলাইনের ৪.৪ নং অনুচ্ছেদে ২০১৭ সাল হতে উক্ত লিভারেজ অনুপাত পুনর্নির্নয়ন করার পরিকল্পনার বিষয় উল্লেখ করা হয়েছিল।

৩। ব্যাসেল-৩ কাঠামো অনুযায়ী ব্যাংকের মোট টিয়ার-১ মূলধন ও মোট সম্পদের অনুপাতকে লিভারেজ অনুপাত বলা হয়। ২০১৯ সাল থেকে দেশের ব্যাংকিংখাতে সম্পূর্ণরূপে ব্যাসেল-৩ বাস্তবায়ন করা হলেও ঝুঁকি-ভিত্তিক মূলধন পর্যাণ্ডতার ন্যায় ব্যাংকের লিভারেজ অনুপাত তুলনামূলকভাবে কাম্যস্তরে বৃদ্ধি পায়নি। লিভারেজ অনুপাত কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নীতকরণের মাধ্যমে বৈদেশিক বাণিজ্যে তফসিলি ব্যাংকসমূহের আমদানি ব্যয় হ্রাস পাওয়ার পাশাপাশি সামগ্রিক আর্থিক খাতের স্থিতিশীলতা বৃদ্ধি পাবে। অধিকন্তু, লিভারেজ অনুপাত বৃদ্ধি পেলে ব্যাংকের গুণগত মূলধন বৃদ্ধি পাবে যার ফলে অপ্রত্যাশিত ক্ষতির (unexpected loss) বিপরীতে ব্যাংকের ঝুঁকি সহনশীলতাও বৃদ্ধি পাবে।

৪। বর্ণিত প্রেক্ষাপটে, আন্তর্জাতিক উত্তম চর্চার সাথে সামঞ্জস্য বিধানকল্পে আপনাদেরকে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, লিভারেজ অনুপাত ২০২৩ সাল হতে বাৎসরিক ০.২৫ শতাংশ হারে ক্রমান্বয়ে বৃদ্ধিপূর্বক নিম্নরূপে বিদ্যমান ৩ শতাংশের স্থলে ২০২৬ সালে ৪ শতাংশে উন্নীত করতে হবেঃ

	২০২২ সাল	২০২৩ সাল	২০২৪ সাল	২০২৫ সাল	২০২৬ সাল
লিভারেজ অনুপাত	প্রস্তুতি	৩.২৫%	৩.৫০%	৩.৭৫%	৪.০০%

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ জামাল উদ্দিন)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০০৯৫